তারিখ 17 JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ২

যুগান্তর

# শিক্ষকদের বেতন থাকতে হবে সবার ওপরে

—— এমএম আকাশ

**যুগান্তর রিপোর্ট**

বিশিষ্ট অর্থনীতিবিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এমএম আকাশ বলেছেন, 'শিক্ষার মানোন্নয়ন করতে হলে সর্বপ্রথম শিক্ষকের জীবন-যাত্রার মানোন্নয়ন করতে হবে। শিক্ষকদের বেতন স্কেল পৃথক এবং সবার ওপরে করতে হবে। সরকারি স্কেলে হিসাব করা যাবে না।' 'বৃহস্পতিবার রাজধানীর পুরানা পল্টনের মৈত্রী মিলনায়তনে 'প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন' শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমাজ এ আলোচনা সভার আয়োজন করে।

আয়োজক সংগঠনের সভাপতি মো. শাহিনুর আল আমিনের সভাপতিত্বে ও সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. শহিদুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন— শিক্ষা বার্তার সম্পাদক এএন রাশেদা, সিপিবি কেন্দ্রীয় নেতা রুহীন হোসেন প্রিন্স, সংগঠনের সহসভাপতি বাদল খান ববি, একেএম খশরুজ্জামান, সাধারণ সম্পাদক মো. হালিমুজ্জামান প্রমুখ।